



আমাদের ময়ু

20-02-২০২৫

একুশে পদকপ্রাপ্ত অভ্যর্থনা সহ-প্রতিষ্ঠাতা রিফাত নবীকে সংবর্ধনা



একুশে পদকপ্রাপ্ত অভ্যর্থনা সহ-প্রতিষ্ঠাতা রিফাত নবীকে সংবর্ধনা

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে, বিভাগের প্রাক্তন শিক্ষার্থী 'রিফাত নবী'কে কম্পিউটারে বাংলা লেখার কিবোর্ড 'অভ্য'-এর সহ-প্রতিষ্ঠাতা হিসেবে বাংলাদেশের জাতীয় পদক 'একুশে পদক' অর্জন করায় সংবর্ধনা দেয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের 'মঞ্চের এলাহী' মিলনায়তনে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম আশিক মোসাদ্দিক। অনুষ্ঠানে রিফাত নবীকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মাননা স্মারক হিসেবে ল্যাপটপ কম্পিউটার উপহার দেয়া হয়।

রিফাত নবী তাঁর বক্তব্যে বলেন, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ভর্তির পর হতেই তাঁর প্রোগ্রামিং-এ আগ্রহ জন্মে। এবং সে আগ্রহ থেকেই অভ্য দলে কাজ করা শুরু করেন। তিনি বলেন, জীবনে কখন কি কাজে দাগে আগে থেকে বলা যায় না, সেজন্য নিজের ভাল দাগার বিষয়ে পর্যাপ্ত জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য শিক্ষার্থীদের প্রতি আত্মান জানান তিনি।

অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, রিফাত নবীর এই অর্জন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়কে গর্বিত করেছে। তাঁর 'অভ্য' দলের প্রধান মোহেদ্দি হাসান একা একুশে পদক গ্রহণ না করে দলের সবাইকে একসাথে নিয়ে পদক গ্রহণের যোগন নৈতিকতা দেখিয়েছেন, তেমন নৈতিক মানুষ হিসেবে সবাইকে গড়ে উঠতে হবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রফেসর অধ্যাপক আনিসুর রহমান এবং কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন ড. মাহিন ইসলাম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, শিক্ষক, কর্মকর্তা, এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।